# রূপগঞ্জ উপজেলা পরিষদ
## নারায়ণগঞ্জ জেলা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ০৫.৪১.৬৭.৬৮.০০০.৩৬.০০২.১৯. ৪২২(সং) তারিখঃ ১৬/০৭/২০২০ইং।

বিষয় ঃ উপজেলা পরিষদের ২০২০-২১ অর্থ বছরের অনুমোদিত বাজেট প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে রূপগঞ্জ উপজেলার ২০২০-২১ অর্থ বছরের অনুমোদিত বাজেটের কপি সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো।

১৬/০৭/২০২০
মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষণঃ

সিনিয়র সহকারী সচিব
উপজেলা-২ শাখা।

অনুলিপি ঃ

জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

## বিষয় ঃ জুন/২০২০ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদের বাজেট সভার কার্য বিবরনী

সভাপতি : মোঃ শাহজাহান ভূইয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ: [illegible] খ্রিঃ সময়ঃ ১১.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

০২ উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর তিনি ২০২০-২১ইং অর্থ বৎসরের উপজেলা পরিষদের বাজেট উপস্থাপন করার জন্য উপজেলা চেয়ারম্যানকে অনুরোধ করেন।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/ব র্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২০২০-২১ অর্থ বছরের বাজেট উপস্থাপন | উপজেলা চেয়ারম্যান সভায় ২০২০-২১ অর্থ বছরের বাজেট উপস্থাপন করেন। তিনি বলেন ২০২০-২১ অর্থ বৎসরে রূপগঞ্জ উপজেলা পরিষদের ৩১,৩৮,৩১,৮১৩/- টাকার বাজেট প্রস্তাব করা হয়েছে। তিনি ২০১৯-২০ অর্থ বৎসরে সংশোধিত বাজেট সহ ২০২০-২১ অর্থ বৎসরের খাত ওয়ারী বাজেট বিভাজন উপস্থাপন করেন। দেখা যায় যে, ২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য মোট রাজস্ব আয়ের পরিমান ১৬,২০,০০,০০০/- টাকা ও সম্ভাব্য ব্যয়ের পরিমান ১,৪৪,১৮,৪৬৩/- টাকা। উন্নয়ন হিসাবে মোট প্রাপ্তির পরিমান ১৬,৬২,৫০,২৭৬/- টাকা এবং মোট ব্যয়ের পরিমান ১৬,৬২,৫০,২৭৬/- টাকা। | উপস্থাপিত বাজেট এর উপর আলোচনা করা হয় এবং অনুমোদনের জন্য উপজেলা পরিষদের পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেল পরিষদ |

০৩ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ শাহজাহান ভূইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-০৫.৪১.৩৭৪.০০০.১৩.০৯.১৯-০৬ তারিখঃ-২৪/০৬/২০২০ ইং।

সদয় জ্ঞাতার্থে ঃ
১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ
১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা-----------------------------------------------------------------কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
১। চেয়ারম্যান, -----------------------------------------------------------ইউপি, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
১। জনাব/বেগম------------------------------------------------------------------------------------।

( মমতাজ বেগম )
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

উপজেলা পরিষদ

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

বিষয় ঃ জুলাই/২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার (জুম কনফারেন্স) কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখ ঃ ০৯-০৭- ২০২০।

সময় ঃ সকাল ১১:০০ টা।

স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা বিশ্বব্যাপী করোনা ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। আমাদের দেশে এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে । তবে রূপগঞ্জ উপজেলায় আক্রান্তের হার আগের চেয়ে অনেক কম।রূপগঞ্জ উপজেলার রূপগঞ্জ ইউনিয়ন লকডাউন ঘোষণা করা হয়। যার মেয়াদ ১১ জুন ২০২০ তারিখ রাত ১২.০০ টা হতে ০২ জুলাই ২০২০ তারিখ রাত ১২.০০টা পযন্ত । লকডাউনের পূর্বে আক্রান্তের সংখ্যা ৮১ জন, সুস্থ্য ৬৫ জন, লকডাউন চলাকালীন একুশ দিনে আক্রান্ত হয় ৩৯ জন, সুস্থ্য হয় ৩৩ জন। মোট আক্রান্ত ১২০ জন, সুস্থ্য ৯৮ জন। অদ্যাবদি রূপগঞ্জ ইউনিয়নে সর্বমোট আক্রান্ত হয় ১৪৮ জন, এর মধ্যে সুস্থ্য হয় ১৪০ জন। সরকারি নির্দেশনা মোতাবেক মনিটরিং কাযক্রম চলমান রয়েছে। রূপগঞ্জ ইউনিয়নকে রেড জোন হিসেবে লকডাউন ঘোষণার পর করোনা আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে তেমন বৃদ্ধি পাচ্ছে না। রূপগঞ্জ ইউনিয়ন লকডাউন শতভাগ সফল হয়েছে এবং এর উদ্দেশ্যও বাস্তবায়ন হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, খরিপ/১ মৌসুমের ১৫২০ হেঃ জমিতে সবজী আবাদ করা হয়েছে। আবাদকৃত সবজির কর্তন আরম্ব হয়েছে। ফলন সন্তোষজনক । পারিবারিক কৃষির আওতায় সবজি পুষ্টি বাগান স্থাপনের লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে উপকরণ বিতরন করা হয়েছে। ২২৪ টি পারিবারিক সবজি পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে। রোপা আমন ধানের বীজতলায় বীজ বপন কাজ চলছে। ১৪২০ হেক্টও জমিতে রোপা আমন ধান রোপনের লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ২৪০ মেঃ টন ইউরিয়া, ১১৬ মেঃ টন টিএসপি, ৬০ মেঃ টন ডিএপি এবং ৪০ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। বর্তমানে সারের কোনো সংকট নেই। মনিটরিং অব্যাহত রয়েছে। এডিপির অর্থায়নে নিরাপদ সবজী গ্রাম এর উপকরন , ফুট পাম্প ও ন্যাপসেক স্প্রেয়ার মেশিন কৃষকদের মাঝে বিতরন করা হয়েছে। সারের মনিটরিং অব্যাহত রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মাছের আড়ৎ ও বাজার মনিটরিং অব্যাহত আছে পিরানহা ও আফ্রিকান মাগুর যাতে বাজারে বিক্রি না হয় এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টিতে জনপ্রতিনিধিসহ সকলের সহায়তা কামনা করছি। প্রর্দশনী ও বিল নার্সারী স্থাপন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধজানানো হয়। | মৎস্য কর্মকর্তা |
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে,<br>কৃত্রিম প্রজনন- ১৭৩৪টি<br>টিকা প্রদানঃ-<br>গবাদিপশু- ১৬০ মাত্রা<br>হাঁস-মুরগি - ৫৮০০ মাত্রা<br>চিকিৎসা প্রদান-<br>গবাদিপশু- ৩৭৬টি<br>হাঁস-মুরগি- ৭৮৫০টি<br>পোষা প্রাণি- ৫০টি<br>উৎপাদন তথ্যঃ<br>দুধ- ০.০৩৩ (লক্ষ মেট্রিক টন)<br>মাংস- ০.০১৭ (লক্ষ মেট্রিক টন)<br>ডিম- ০.২৯৫ (কোটি)<br>করোনা কালীন এই মহামারির সময়ে প্রাণিসম্পদ বিভাগ নিরলসভাবে জনসাধারণের প্রাণিজ আমিষের যোগান অব্যাহত রাখতে নিজ দপ্তরের মাধ্যমে প্রাণিসম্পদ বিভাগের যাবতীয় সেবা অব্যাহত রেখেছে। দুর দুরান্ত থেকে আগত খামারীদের যাবতীয় সমস্যা নিরসনে চিকিৎসাসহ পোষ্ট মরটেমএন্টিমরটেম টেস্ট, কৃত্রিম প্রজনন সেবার পাশাপাশি নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদনে হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় ইতিমধ্যে অত্র উপজেলার ১০০জন খামারীকে গবাদি পশু হৃষ্ট-পুষ্টকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অত্র প্রকল্প হইতে প্রাপ্ত প্রতি খামারীকে ২কেজি ভিটামিন, ৭টি কৃমিনাশক, ১টি হেলথ্ কার্ড, ১টি প্রশিক্ষণ ম্যানুয়েল প্রদান করা হয়েছে এবং পিপিআর ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণে ৭জন ভ্যাক্সিনেটরদের হাতে কলমে ৩দিনের প্রশিক্ষণ সম্পূর্ণ হয়েছে। লকডাউন রূপগঞ্জ সদর ইউনিয়নসহ সকল পর্যায়ের খামারীদের সাথে টেলি মেডিসিন চালু আছে। খামারীদের উৎপাদিত দুধ/ডিম/মাংসের অব্যাহত বিপননে বেসরকারী খামার নাবিল এগ্রো লিমিটেডের মাধ্যমে হোম সার্ভিস চালু করা হয়েছে। করোনা কালীন এই মহা দুর্যোগের সময়েও আসন্ন ঈদুল আযহা উপলক্ষ্যে হৃষ্ট-পুষ্টকরণ খামারীদের নিবির তত্ত্বাবধানে রাখা হয়েছে যাহাতে অনৈতিক ভাবে মানব দেহের জন্য ক্ষতিকারক ষ্টেরয়েড/হরমোন ব্যবহৃত না হয়। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | (ক) টিআর কর্মসূচি-১ম পর্যায়<br>(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪৪,১২,৮০০.০০ টাকার বিপরীতে ৭৯টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ১০০% ।

(ক) টিআর কর্মসূচি-২য় পর্যায়

(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১৬,৭৪,৩০৪.৪৪ টাকার বিপরীতে ২৫টি প্রকল্পের কাজ হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%।

(২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৪,৪৩,০৪১.১৪ টাকার বিপরীতে ২৯টি প্রকল্পের কাজ হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%।

(৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.০০টাকার বিপরীতে ৬৮টি প্রকল্পের মধ্যে ৬৭টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।
০১টি প্রকল্পের কাজ আংশিক বাস্তবায়িত হয়েছে।

(৪) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪২,৭২,৮৮৮.৯৫ টাকার বিপরীতে ৭৬টি প্রকল্পের কাজ হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%।

(৫) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় নন-সোলার খাতে বরাদ্দকৃত ৩,৮৮,২৮৫.৬৪ টাকার বিপরীতে গ্রহীত ০৯ টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(৬) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় সোলার খাতে ৩,৪৫,২৪৩.৩৫ টাকারবিপরীতে গ্রহীত ০৭ টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(৭) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় নন-সোলার খাতে ৬,২৭,০৬৪.৪১ টাকার বিপরীতে গ্রহীত ১২ টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(৮) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় সোলার খাতে ৫,৫৭,৫২০.০৩ টাকার বিপরীতে গ্রহীত ১৪ টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৬,৭৪,৩০৪.৪৪ টাকার বিপরীতে ২৬টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৪,৪৩,০৪১.১৪ টাকার বিপরীতে ৩০টি প্রকল্পের কাজ চলমান কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.০০ টাকার বিপরীতে ৮০টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৪) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪২,৭২,৮৮৮.৯৫ টাকার বিপরীতে ৭৭টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৫) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় নন-সোলার খাতে ৩,৮৮,২৮৫.৬৪ টাকার বিপরীতে ১২ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৬) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় সোলার খাতে ৩,৪৫,২৪৩.৩৫ টাকার বিপরীতে ০৭ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৭) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় নন-সোলার খাতে ৬,২৭,০৬৪.৪১ টাকার বিপরীতে ১৩ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (৮) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় সোলার খাতে ৫,৫৭,৫২০.০৩ টাকার বিপরীতে ১৪ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ১০০%। | | |
| | | (খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-১ম পর্যায় | | |
| | | (১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন- সোলার খাতে ৬৪.১২০৪ মে:টন চালের বিপরীতে ০৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ১০০% । | | |
| | | (২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৯,৫৫,৬৮৭.৫৯ টাকার বিপরীতে ৩৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ১০০% । | | |
| | | (৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন চালের বিপরীতে ১১ টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ১০০% । | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ছ) বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ : গোলাকান্দাইল ইউনিয়নের মজিবুর রহমান ভূইয়া উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধানে বাস্তবানের লক্ষে মেসার্স আশা কন্সট্রাকশন এর নামে কার্যাদেশপত্র জারী করা হয়েছে। | | |
| ৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। করোনা পরিস্থিতি মোকাবেলায় উপজেলা প্রশাসন, রূপগঞ্জ এর সাথে আমরা সম্মিলিত ভাবে কাজ করে যাচ্ছি। আমাদের মাঠ কর্মীরা মাঠে কাজ করছে।দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার বলেন, যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ রয়েছে। আন্ত ক্রীড়া প্রাথমিক বিদ্যালয় খেলা-ধূলার কার্যক্রম সম্পন্ন হয়েছে। শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা করা এবং বিদ্যালয়ে কুইজ প্রতিযোগিতা ইত্যাদি বিষয়গুলো নিয়মিতভাবে মনিটরিং করা হয়।মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, যদিও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে তথাপি শিক্ষার্থীদের সাথে আমাদের যোগাযোগ রয়েছে। আমরা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাসের ব্যবস্থা করেছি। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ সততা স্টোর স্থাপনে নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশনের নির্দেশনা দেয়া হয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনের মাধ্যমে বইয়ের চাহিদা জমা দিচ্ছে। সরকারের নির্দেশনা মোতাবেক আমরা নোট বই ও গাইড বইকে নিষিদ্ধ করেছি। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ বিভাজনের আলোকে নীতিমালা অনুযায়ী ব্যাপক মাইকিং ও প্রচার-প্রচারনার মাধ্যমে উন্মুক্ত বাছাইয়ের মাধ্যমে ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা অনুসারে উন্মুক্ত বাছাইয়ের দিন তারিখ নির্ধারন পূর্বক সিডিউল তৈরি করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে বলে তিনি জানান এবং সিডিউল মোতাবেক উন্মুক্ত বাছাইয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশল অধিদপ্তর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |

(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-২য় পর্যায়

(১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন- সোলার খাতে ৬৪.১২০৪ মে:টন গমের বিপরীতে ০৮টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৯,৫৫,৬৮৭.৫৯ টাকার বিপরীতে গৃহীত ৩৭টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন গমের বিপরীতে ১২টি প্রকল্পের মধ্যে ৮টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্র: নং ৮ এর ১কিস্তি, প্র: নং ১০ এর ৪ কিস্তি, প্র: ২ এর ২কিস্তি, প্র: নং ৩ এর ৩ কিস্তি এবং প্র নং ৯ এর ২কিস্তি মিলে মোট ৩৯.৫০০ মে:টন গম অনুত্তোলিত আছে। কাজের অগ্রগতি সন্তষজনক নহে।

(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে বরাদ্দকৃত ৪৪,১২,৮০০.০০ টাকার বিপরীতে গৃহীত ৭৭টি প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(গ) দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণকর্মসূচি-১ম পর্যায়

২০১৯-২০২০ অর্থ বছরে কাবিটা বিশেষ কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে রূপগঞ্জ উপজেলায় গৃহীত ২৪টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ প্রকল্পের কাজ ১০০% সমাপ্ত হয়েছে।

(ঘ) সেতু/কালভার্ট কর্মসূচি

(১) ২০১৮-২০১৯ অর্থ বছরে গৃহীত ১১টি সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের টেন্ডার সম্পন্ন হয়েছে, মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী লটারীর মাধ্যমে প্রকল্প ভিত্তিক ঠিকাদার নিযুক্ত করা হয়েছে। কার্যাদেশপত্র ইস্যু করা হলে বাস্তবায়ন কাজ শুরূ করা হবে।

(ঙ) ইজিপিপি কর্মসূচি-২য়

(১) অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বরাদ্দ পাওয়া যায়নি।

চ) এইচবিবি কর্মসূচি-১ম পর্যায়

(১) গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণ (এইচবিবি) কর্মসূচি-১ম পর্যায় ৩টি প্যাকেজে ভূলতা, ভোলাব, গোলাকান্দাইল ও কায়েতপাড়া ইউপির ৪ কি:মি: রাস্তার কাজ ১০০% সমাপ্ত এবং চুড়ান্ত বিল ছাড় করা হয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। ডিজিএম পল্লীবিদ্যুৎ বলেন, বিদ্যুৎ জাতীয় সম্পদ, "বিদ্যুৎ অপচয় রোধ করি, সোনার বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ি হওয়ার অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | | |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মোঃ আশরাফুল আলম সভা কে জানান, ইউজিডিপি'র (৩য় পর্যায়) ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প"রূপগঞ্জ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ" প্রকল্পটি আগামী ২৮/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়/ মাদ্রাসাসহ ২২ টি প্রতিষ্ঠানে পর্যায়ক্রমে ৪৪৪ (চারশত চুয়াল্লিশ) জোড়া বেঞ্চ বিতরণের কাজ শুরু করা হবে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপকরণ গুলো (স্কুল বেঞ্চ) সঠিকভাবে সরবরাহ করে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কে অনুরোধ করা হয়। | উপজেলাপরিষদ, রূপগঞ্জ |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | অনুপস্থিত | | |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সার্বিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নারায়ণগঞ্জ |
| ২৬ | বিবিধ-০১ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |

কায়েতপাড়া ইউনিয়ন প্রতিনিধি বলেন, বর্তমান সময়ে বাংলাদেশে করোনা ভাইরাসের আতংক চলমান রয়েছে। আমাদের রূপগঞ্জ উপজেলাও তার বাহিরে নয়। যারা করোনা ভাইরাস মোকাবেলা কাজ করে যাচ্ছে তাদের সবাইকে তিনি আন্তরিক ধন্যবাদ জানান।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, ১২-০৬-২০২০ খ্রিঃ তারিখ হতে ০২-০৭-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত রূপগঞ্জ ইউনিয়নকে রেডজোন চিহ্নিত করে ২১ দিনের জন্য লকডাউন সফলভাবে বাস্তবায়ন হয়েছে। আমরা রূপগঞ্জ ইউনিয়নবাসী এর সুফল ভোগ করেছি। লকডাউন বাস্তবায়নে সরকারি নির্দেশনা মোতাবেক আমরা কাজ করেছি। সম্মিলিত প্রয়াসে আমাদের লকডাউন শতভাগ বাস্তবায়ন হয়েছে। তিনি আরো জানান, রূপগঞ্জ থেকে শিমুলিয়া বাজার পর্যন্ত ৩/৪টি কালভার্ট বা ছোট ব্রীজ রয়েছে। এগুলো সংকীর্ণ হওয়ায় এখানে সব সময় যানযট লেগে থাকে। কালভার্ট বা ছোট ব্রীজ গুলো প্রশস্ত করলে যানযটের সমস্যা দূর হবে। রূপগঞ্জ থেকে দাউদপুর পর্যন্ত রাস্তা প্রশস্ত করা প্রয়োজন। কাঞ্চন ব্রীজ হতে ফৌজরবাড়ী পর্যন্ত রাস্তাটি অত্যন্ত জনবহুল একটি রাস্তা। গভীর রাত্রে পাথর বোঝাই করা ২০/২৫ টন ওজনের ট্রাক চলাচলের কারণে রাস্তাটি বর্তমানে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এ বিষয়ে সভাপতির দৃষ্টি আর্কষণ করা হয়।

চেয়ারম্যান ভূলতা ইউনিয়ন পরিষদ , উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তিনি বিশ্বব্যাপী করোনো ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। এ ভাইরাসে আক্রান্ত হয়ে লক্ষ লক্ষ লোক মারা যাচ্ছে। আমাদের রূপগঞ্জ এর অবস্থাও আগের চেয়ে ভালো। দিন রাত পরিশ্রম করে যারা করোনা ভাইরাস প্রতিরোধে কাজ করে যাচ্ছেন তাদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা বিষয়ক | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, এ কার্যালয়ের সেলাই প্রশিক্ষন ও আইজিএ প্রকল্পের বিউটিফিকেশন ব্লক বাটিক প্রশিক্ষন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশল অধিদপ্তর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার বলেন, জাইকার অর্থায়নে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | খাদ্য নিয়ন্ত্রক অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা তার খাদ্য বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮ | সমন্বয়কারী/ ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | সমন্বয়কারী/ ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৯ | পরিসংখ্যান | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর অধীন জনশুমারি ও গৃহ-গণনা ২০২১ এর জন্য তালিকারী/গণনাকারী ও সুপার ভাইজার নিয়োগের কাজ সম্পন্ন হয়েছে । শুমারির প্রস্তুতির কার্যক্রম চলমান রয়েছে।এছাড়া উপজেলা পরিসংখ্যান অফিসের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ জানান যে, জাতীয় পোগ্রামের সাথে সংগতি রেখে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক যথাযোগ্য মর্যাদার সহিত মুজিব বর্ষ উপলক্ষে বর্ষব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং তা ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। রূপগঞ্জ উপজেলাকে ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে শতভাগ বিদ্যুতায়ন ঘোষনা করা হয়েছে। নতুন নতুন যে সকল ঘরবাড়ী নির্মিত হচ্ছে সেগুলোতে অতি অল্প সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে। মুজিব বর্ষ হতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী বৈদ্যুতিক লাইনের যেসকল সমস্যা রয়েছে তা দ্রুত মেরামত কাজ অব্যাহত | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তিনি জুম কনফারেন্সে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরে গুরুত্বপূর্ন অবদান রাখায় উপজেলা কার্যালয়ের প্রধান ক্যাটাগরিতে আমাদের উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জকে জাতীয় "শুদ্ধাচার পুরস্কার" ২০২০ প্রদান করা হয়। আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত। তিনি আরো বলেন, বর্তমান সময়ে আলোচিত করোনা ভাইরাসের আতংকে জনমনে ভয়ভীতির সৃষ্টি হচ্ছে। আমাদের উপজেলায়ও এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে। রূপগঞ্জ উপজেলার রূপগঞ্জ ইউনিয়নকে রেডজোন চিহ্নিত করে ১২-০৬-২০২০ তারিখ হতে ২১ দিনের জন্য লকডাউন ঘোষণা করা হয়। লকডাউন শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। রূপগঞ্জ ইউনিয়নকে রেড জোন হিসেবে লকডাউন ঘোষণার পর করোনা আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে তেমন বৃদ্ধি পায়নি। লকডাউন বাস্তবায়নে আমাদের রূপগঞ্জ উপজেলা প্রশাসন সফল। লকডাউন বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করার জন্য তিনি রূপগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যানকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়াও করোনা ভাইরাস মোকাবেলায় সংশ্লিষ্ট সকলের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আরো জানান যে, এ উপজেলার প্রত্যেকটি ডিপার্টমেন্ট মুজিববর্ষকে সামনে রেখে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে; আমরা তা বাস্তবায়নে কাজ করে যাচ্ছি। মুজিববর্ষ উপলক্ষে রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে সততার পরিচর্যার জন্য শতভাগ সততা স্টোর প্রতিষ্ঠা নিশ্চিত করতে হবে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিফর্ম পরিধান নিশ্চিত করতে হবে। মুজববর্ষ উপলক্ষে আমরা প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করবো। রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে ভূমি দস্যু কর্তৃক বালু ভরাট করা হচ্ছে । এ উপজেলায় যেটুকু কৃষি জমি রয়েছে তা যেন ঠিক থাকে। কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ফেললে আমাদেরকে জানান আমরা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং- ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৯.২০- ৪১৭/১ (৬০)

তারিখঃ ২৮ আষাঢ় ১৪২৭ / ১২ জুলাই ২০২০

সদয় জ্ঞাতার্থেঃ-

১। জনাব গোলাম দস্তগীর গাজী (বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ...........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম............................................................... ।

মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
☎ ০২-৭৬৫০১০১
🖷 ০২-৭৬৫০০১৬
unorupganj@mopa.gov.bd

চেয়ারম্যান,দাউদপুর ইউনিয়ন পরিষদ, উপস্থিত সকলকে মুজিব বর্ষের শুভেচ্ছা জানান। বর্তমান সময়ে করোনা ভাইরাস এক আতংকের নাম। রূপগঞ্জ উপজেলা শিল্পাঞ্চল হওয়ায় এখানে জনগণের চলাচল বেশি; এতে করে আমাদের রূপগঞ্জ এ আক্রান্তে সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো জানান, দাউদপুর ইউনিয়নে এ সরকারের আমলে যথেষ্ঠ উন্নয়ন হয়েছে। আমরা অনেক আনন্দিত। এ ইউনিয়নের বেলদী বাজারের রাস্তায় প্রায় যানযট লেগেই থাকে। এ রাস্তাটি প্রশস্ত করলে যানযট দূর করা যাবে।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা উপস্থিত সকলকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি বলেন পুরো মানবজাতি এখন অস্তিত্বের সংকটে। করোনা নামক ভাইরাস সবাইকে করে তুলেছে আতঙ্কগ্রস্ত। আমরা রূপগঞ্জবাসীও খুব আতঙ্কের মধ্যে আছি। আল্লাহর কাছে দোয়া করি তিনি যেন আমাদের এ মহা বিপদ থেকে রক্ষা করেন। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন এবং ধন্যবাদ জানান; এই সংকটময় মুর্হুতে অসুস্থ্য থেকেও সার্বক্ষণিক আমাদের পাশে থাকার জন্য। রূপগঞ্জ ইউনিয়ন লকডাউন শতভাগ বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে আমরা কাজ করে যাচ্ছি।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরে গুরুত্বপূর্ন অবদান রাখায় উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জকে জাতীয় "শুদ্ধাচার পুরস্কার" ২০২০ প্রদান করা হয়। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বর্তমান সময়ে আমাদের সবচেয়ে বড় চ্যালেঞ্জ কোভিট-১৯ ভাইরাস মোকাবেলা করা। প্রতিদিনই এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আমাদেরকে আরো সচেতন হতে হবে। সম্মিলিত প্রয়াসের মাধ্যমে রূপগঞ্জ ইউনিয়নের লকডাউন শতভগ বাস্তবায়ন হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। পল্লী বিদ্যুৎ মাননীয় প্রধানমন্ত্রীর এক নম্বর টার্গেট। রূপগঞ্জ উপজেলায় শতভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আমি বিদ্যুতায়নে হ্যাপি এবং গ্রাহকও হ্যাপি। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলম দস্তগীর গাজী, বীর প্রতিক এর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তিনি জুম কনফারেন্সে উপস্থিত সকলকে স্বাগত জানান। বিশ্বব্যাপী করোনো ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ায় দুঃখ প্রকাশ করেন। আমাদের দেশেও এ ভাইরাসে আক্রান্তের সংখ্যা বেড়েই চলছে। রূপগঞ্জ উপজেলার রূপগঞ্জ ইউনিয়নকে ১২-০৬-২০২০ তারিখ হতে ০২-০৭-২০২০ খ্রি: তারিখ পর্যন্ত রেডজোন চিহ্নিত করে ২১ দিনের জন্য লকডাউন ঘোষণা করা হয় যা সরকারি নির্দেশনা মোতাবেক সম্মিলিত প্রয়াসে শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। লকডাউনের পূর্বে রূপগঞ্জ ইউনিয়নে আক্রান্তের সংখ্যা ৮১ জন, সুস্থ্য ৬৫ জন, লকডাউন চলাকালীন একুশ দিনে আক্রান্ত হয় ৩৯ জন, সুস্থ্য হয় ৩৩ জন। মোট আক্রান্ত ১২০ জন, সুস্থ্য ৯৮ জন। অদ্যাবদি রূপগঞ্জ ইউনিয়নে সর্বমোট আক্রান্ত হয় ১৪৮ জন, এর মধ্যে সুস্থ্য হয় ১৪০ জন। সরকারি নির্দেশনা মোতাবেক মনিটরিং কাযক্রম চলমান রয়েছে। রূপগঞ্জ ইউনিয়নকে রেড জোন হিসেবে লকডাউন ঘোষণার পর করোনা আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে তেমন বৃদ্ধি পায়নি। তিনি আরো জানান, মুজিববর্ষ উপলক্ষে গৃহীত কর্মসূচি ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে সভাপতি ও ম্যানিজিং কমিটির সমন্বয়ে সততা স্টোর প্রতিষ্ঠা করতে হবে। এ বিষয়ে পর্যবেক্ষণের জন্য তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। রূপগঞ্জ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে শুদ্ধভাবে জাতীয় সংগীত গাইতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে শুদ্ধভাবে জাতীয় সংগীত এর চর্চা অব্যাহত রাখতে হবে। জাতীয় সংগীত এর সুরে সুরে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। মাদকের বিষয়ে কোন প্রকার ছাড় দেয়া হবে না। তিনি আরো বলেন, রূপগঞ্জের কৃষি জমিতে রাতের অন্ধকারে বালু ভরাট করা হচ্ছে। এ বিষয়ে সকলের সর্তক থাকতে হবে। কৃষি জমি কোনো ভাবেই নষ্ট হতে দেয়া যাবে না। প্রতিবন্ধী ভাতা বরাদ্দের পরিমান বৃদ্ধির ব্যবস্থা করায় মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহন করতে হবে। জবাবদিহিতা ও স্বচ্ছতার স্বার্থে সরকারি যে কোন বরাদ্দ বিষয়ে জনপ্রতিনিধিদের অবহিত করতে হবে। ১০ টাকা কেজি দরের চাল সুষ্ঠুভাবে বন্টন করা এবং প্রকৃত ভিক্ষুকদের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়াও প্রতিমাসের ০১ তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের সভার কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রেরণের জন্য সকল অফিসারকে অনুরোধ জানান।

০৭/০৭/২০

পরিশিষ্ট-'ক'

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০১৯-২০২০ অর্থ বৎসরে উপজেলা উন্নয়ন তহবিল (UDF) এর আওতায় রূপগঞ্জ উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে (পরীক্ষা কেন্দ্রে) উচু নিচু বেঞ্চ সরবরাহ কাজের সংশোদিত Re-Cast প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য পেশ করেন।সংশোধিত প্রক্কলিত মূল্য ৯,৯৩,৭৫১/=টাকা। প্রকল্পের চুক্তি মূল্য ৯,৯৯,৮৬০/=টাকা। যাহা চুক্তি মূল্যের মধ্যে সীমাবদ্ধ আছে। | বিস্তারিত আলোচনান্তে সংশোদিত Re-Cast প্রাক্কলনটি অনুমোদন করা হয় এবং সংশোদিত Re-Cast প্রাক্কলন মোতাবেক দ্রুত কাজ সমূহ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০২০-২০২১ অর্থ বৎসরে উপজেলা রাজস্ব তহবিল (Rev) এর আওতায় উপজেলা কমপ্লেক্স নন-গেজেটে (নিলিমা) কোয়াটার ৩/খ,৩/ঘ ও ৪ নং নন-গেজেটেড কোয়াটার (বসুধা) মেরামত কাজের জন্য গত ২৪/০৬/২০২০ ইং তারিখের মাসিক সভায় ৬,৯৯,৯১৩/= টাকার প্রাক্কলন অনুমোদিত হয়। কিন্ত জরুরী ভিক্তিতে কাজটি বাস্তবায়নের জন্য প্রাক্কলনটি সংশোধন করে অনুমোদনের জন্য সভায় পেশ করেন। সংশোধিত প্রাক্কলিত মূল্য ৫,৯৯,৯৮৫/= টাকা। | বিস্তারিত আলোচনান্তে সংশোদিত প্রাক্কলনটি অনুমোদন করা হয় এবং RFQ পদ্ধতিতে জরুরী ভিক্তিতে কাজটি বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ৩ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত এবং ২০২০-২০২১ অর্থ বৎসরের সম্ভাব্য বাজেট উপজেলা পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২০-২০২১ বৎসরে রূপগঞ্জ উপজেলা পরিষদের ৩১.৩৮.৩১.৮১৩/- টাকার বাজেট প্রস্তাব করা হইয়াছে। তন্মধ্যে রাজস্ব আয়ের পরিমান ১৬,২০,০০,০০০/=টাকা এবং সম্ভাব্য ব্যয়ের পরিমান ১,৪৪,১৮,৪৬৩/- টাকা ও উন্নয়ন হিসাবে মোট প্রাপ্তির পরিমান ১৬,৬২,৫০,২৭৬/= টাকা এবং মোট ব্যয়ের পরিমান = ১৬,৬২,৫০,২৭৬/= টাকা। | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বৎসরের বাজেট সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা প্রকৌশলী |